**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৭/২০১৭**

**ঢাকা, রোববার ৫ ফেব্রুয়ারি ২০১৭, ২৩ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ই-নাইন মন্ত্রী পর্যায়ের সম্মেলন শুরু আজ
: এসএসসি পরীক্ষার্থীদের জন্য সময় পেছালেন প্রধানমন্ত্রী

২। আগামী ২০২১ সালের পর কেউ দরিদ্র থাকবে না : অর্থমন্ত্রী

৩। এক মাসের মধ্যে ভোলা খাল দখলমুক্ত করতে বাণিজ্যমন্ত্রীর নির্দেশ

৪। দেশের সংবিধান সাম্প্রদায়িকতা বিশ্বাস করে না : স্থানীয় সরকার মন্ত্রী

৫। বাংলাদেশ উন্নত বিশ্বের কাতারে শামিল হবে আগামী ২০৪১ সালের মধ্যে : পরিকল্পনামন্ত্রী

৬। অপরাধীদের কোনো ছাড় নয় : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। ইসলাম ধর্মে জঙ্গিবাদের শিক্ষা নেই : তথ্যমন্ত্রী

৮। পল্লি বিদ্যুতের গ্রাহকদের হয়রানি করবেন না : বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী

৯। ব্যাংকগুলোকে নিয়ম মেনে ব্যবসা করতে হবে: বাংলাদেশ ব্যাংকের গভর্নর

১০। সার্চ কমিটি নতুন নির্বাচন কমিশন গঠনে ১০ জনের
নাম চূড়ান্ত করতে বৈঠকে বসবেন আগামীকাল

১১। ২২তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলায় এবার ২৪৩ কোটি টাকার রপ্তানি আদেশ মিলেছে

চলমান পাতা-২

১। **ই-নাইন মন্ত্রী পর্যায়ের সম্মেলন শুরু আজ**
**: এসএসসি পরীক্ষার্থীদের জন্য সময় পেছালেন প্রধানমন্ত্রী**

রাজধা নীতে এসএসসি পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে পুর্বনির্ধারিত অনুষ্ঠান আধা ঘন্টা পিছিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শিক্ষা বিষয়ক এসডিজি-৪ লক্ষ্য অর্জনের কার্যকর কৌশল নির্ধারণের লক্ষ্য নিয়ে আজ রোববার ঢাকায় তিন দিনব্যাপী ই-নাইন ফোরামের মন্ত্রী পর্যায়ের সম্মেলন শুরু হচ্ছে। সকাল ১০ টায় র‌্যাডিসন হোটেলে সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করার কথা ছিল প্রধানমন্ত্রীর। গতকাল ৪ জানুয়ারি শনিবার ওই অনুষ্ঠান আধা ঘন্টা পেছানোর কথা জানানো হয়। প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব আশরাফুল আলম খোকন জানান, অনুষ্ঠানটি সকাল সাড়ে ১০ টায় শুরু হবে। ছাত্রছাত্রীরা পরীক্ষার হলে প্রবেশের পর প্রধানমন্ত্রী গণভবন থেকে সকাল ১০টায় ২০ মিনিটে অনুষ্ঠানস্থলের উদ্দেশে যাত্রা করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

২। **আগামী ২০২১ সালের পর কেউ দরিদ্র থাকবে না : অর্থমন্ত্রী**

বাংলাদেশে ২০২১ সালের পর কেউ দরিদ্র থাকবে না বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, সারাদেশে এখন উন্নয়নের জোয়ার বইছে। জাতীয় উন্নয়নের সঙ্গে গ্রামীণ অর্থনীতিও এগিয়ে যাচ্ছে। এখন আর ছুপড়ি ঘর, ছনের ঘরও পাওয়া যায় না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে উন্নত বাংলাদেশের কথা বলেছেন, এটা তার সুচিন্তিত লক্ষ্যমাত্রা। গতকাল ৪ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর কাকরাইলে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) ভবনে সুনামগঞ্জ জেলা সমিতি, ঢাকা আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫)।

৩। **এক মাসের মধ্যে ভোলা খাল দখলমুক্ত করতে বাণিজ্যমন্ত্রীর নির্দেশ**

ভোলা খালের দুই পাড় আগামী এক মাসের মধ্যে দখলদারমুক্ত করার নির্দেশ দিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, খালটি পুনঃখনন করতে হবে, যাতে ব্যবসায়ীদের মালামাল নিয়ে নৌযান শহরের মধ্যে ঢুকতে পারে। গতকাল ৪ ফেব্রুয়ারি শনিবার ভোলা জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও সদস্যদের অভিষেক অনুষ্ঠানে তোফায়েল আহমেদ জেলা প্রশাসনকে এ নির্দেশ দেন। বাণিজ্যমন্ত্রী বলেন, ভোলা খালের দুই পাড় যারা অবৈধভাবে দখল করেছেন, আমি ডিসি এবং পুলিশ সুপারকে নির্দেশ দিচ্ছি, আগামী এক মাসের মধ্যে অবৈধ দখলদারদের উচ্ছেদ করতে হবে। সব অবৈধ স্থাপনা সরাতে হবে। ভোলা খালকে পুনঃখনন করতে হবে যাতে ব্যবসায়ীরা নৌকায় করে মালামাল আনা-নেওয়া করতে পাবে। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.৪), **সংবাদ** (পৃ.৪,ক.২), **নিউ এজ** (পৃ.১১,ক.৬)।

৪। **দেশের সংবিধান সাম্প্রদায়িকতা বিশ্বাস করে না : স্থানীয় সরকার মন্ত্রী**

বর্তমান সরকার দেশের সকল জনগোষ্ঠীকে সমান চোখে দেখে উল্লেখ করে স্থানীয় সরকার পল্লি উন্নয়ন ও সমবার মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন বলেছেন, সকল শ্রেণির জনগোষ্ঠীর জীবনযাপনের মান্নোন্নয়নের লক্ষ্যে সরকার একযোগে কাজ করে চলেছে। যার ফলে দেশ সমান তালে বিশ্ব দরবারে এগিয়ে যাচ্ছে। মন্ত্রী গতকাল ৪ ফেব্রুয়ারি শনিবার ফরিদপুর শহরের পুরাতন বাসস্ট্যান্ডে হরিজন সম্প্রদায়ের ১৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক মহাসমাবেশে এই কথা বলেন। মন্ত্রী আরো বলেন, বর্তমান শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার কোনো সাম্প্রদায়িকতাকে প্রশ্রয় দেয় না। তিনি বলেন, এই সরকার জাতিভেদে বিশ্বাস করে না। আমরা সমাজের সকলকে নিয়েই দেশকে এগিয়ে নিয়ে যেতে চাই। সূত্র-**ইনকিলাব** (পৃ.১২,ক.৫), **সংবাদ** (পৃ.৪,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১০,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৮,ক.২)।

৫। **বাংলাদেশ উন্নত বিশ্বের কাতারে শামিল হবে আগামী ২০৪১ সালের মধ্যে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, আগামী ২০৩০ সালের মধ্যে বাংলাদেশে কোনো ক্ষুধার্ত মানুষ থাকবে না। এ সময়ের মধ্যে একটি শিক্ষিত লোকও বেকার থাকবে না। আওয়ামী লীগের স্বপ্ন হচ্ছে ২০৩০

সালের মধ্যে বাংলাদেশ থেকে দারিদ্র্য ও বেকারত্ব দূর করা। তিনি বলেন, বাংলাদেশের অর্থনীতি এখন আর আগের জায়গায় নেই। আগামী ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত বিশ্বের কাতারে শামিল হবে। গতকাল ৪ ফেব্রুয়ারি শনিবার কুমিল্লার নবগঠিত লালমাই উপজেলার জামতলী মাঠে এক বিশাল গণসংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ.পৃ,ক, ৫)।

৬। **অপরাধীদের কোনো ছাড় নয় : স্বরাষ্ট্রমন্ত্রী**

সাংবাদিক আবদুল হাকিম শিমুল হত্যাকাণ্ডে যেই জড়িত থাকুক, ছাড় দেওয়া হবে না। হত্যাকাণ্ডে যত বড় শক্তিশালী কিংবা প্রভাবশালী জড়িত থাকুক না কেন, অবশ্যই তাকে আইনের আওতায় নিয়ে আসা হবে।



সরকার সন্ত্রাস ও সন্ত্রাসী কর্মকাণ্ড বন্ধে জিরো টলারেন্স নীতি ঘোষণা করেছে। গতকাল ৪ ফেব্রুয়ারি শনিবার মহাখালীতে আইপিএইচ স্কুল অ্যান্ড কলেজের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান শেষে এসব কথা বলেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

৭। **ইসলাম ধর্মে জঙ্গিবাদের শিক্ষা নেই : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, ইসলাম ধর্মে জঙ্গিবাদের শিক্ষা নেই। বাংলাদেশে সবার স্বাধীনভাবে মত প্রকাশ করার অধিকার আছে। বাংলাদেশ কখনো আফগানিস্তান বা পাকিস্তানের মতো হবে না। কারণ, এ দেশে জঙ্গিবাদের কোনো স্থান নেই। গতকাল ৪ ফেব্রুয়ারি শনিবার আহমদীয়া মুসলিম জামাত বাংলাদেশের ৯৩তম বার্ষিক সম্মেলনের দ্বিতীয় দিনে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.১), **যুগান্তর** (পৃ.১৬, ক.৮)।

৮। **পল্লি বিদ্যুতের গ্রাহকদের হয়রানি করবেন না : বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী**

সংযোগের ব্যাপারে গ্রাহক হয়রানি বন্ধ করতে পল্লি বিদ্যুতের কর্মকর্তাদের প্রতি নির্দেশনা দিয়েছেন বিদ্যুৎ প্রতিমন্ত্রী নসরুল হামিদ। তিনি বলেন, পদ্ধতি সহজ করে দ্রুত বিদ্যুৎ দিতে হবে। আবাসিক সংযোগ এক দিনের মধ্যে এবং শিল্প সংযোগ ২৮ দিনের কম সময়ে দিতে হবে। সংযোগের জন্য অপ্রয়োজনীয় কাগজপত্র চেয়ে গ্রাহকদের হয়রানি করা যাবে না। দ্রুত বিদ্যুৎ দিতে প্রয়োজনে গ্রাহকদের মালিকানা দলিলের পরিবর্তে জাতীয় পরিচয়পত্র দিয়েও সংযোগ দেওয়া যাবে। গতকাল ৪ ফেব্রুয়ারি শনিবার রাজধানীতে বাংলাদেশ পল্লি বিদ্যুতায়ন বোর্ডের (আরইবি) সম্মেলন কক্ষে পল্লি বিদ্যুৎ সমিতিগুলোর বার্ষিক মহাব্যবস্থাপক (জিএম) সম্মেলনে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৬)।

৯। **ব্যাংকগুলোকে নিয়ম মেনে ব্যবসা করতে হবে: বাংলাদেশ ব্যাংকের গভর্নর**

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির বলেছেন, ব্যাংকিং খাতের জন্য সুশাসন ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালী হওয়া জরুরি। ব্যাংকগুলোর মূল কাজ ঋণ বিতরণের মাধ্যমে ব্যবসা করা। নিয়ম মেনে ব্যবসা করতে হবে। তাহলে দুর্নীতি দমন কমিশন বা অন্য কোন কর্তৃপক্ষকে ভয় পেতে হবে না। গতকাল ৪ ফেব্রুয়ারি শনিবার রূপালী ব্যাংকের বার্ষিক ব্যবসায়িক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গভর্নর বলেন, দেশের ব্যাংকিং খাতে রাষ্ট্রায়ত্ত চার ব্যাংক ২৬ শতাংশ আমানত ও ১৭ শতাংশ ঋণ নিয়ন্ত্রণ করছে। তাদের রয়েছে ৩ হাজার ৬০৩ টি শাখা। এই বিশাল নেটওয়ার্ক সরকারের অগ্রাধিকার খাতে লেন্ডিং সুবিধা নিশ্চিত করাসহ সকল সেফটিনেট প্রোগ্রাম বাস্তবায়ন করা হচ্ছে। তাছাড়া ব্যবসা, বাণিজ্য, শিল্পায়ন, কর্মসংস্থান, বৈদেশিক মুদ্রা আহরণসহ সার্বিক আর্থসামাজিক উন্নয়নে এই ব্যাংকগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক. ৬), **প্রথম আলো** (পৃ.১৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

১০। **সার্চ কমিটি নতুন নির্বাচন কমিশন গঠনে ১০ জনের নাম চূড়ান্ত করতে বৈঠকে বসবেন আগামীকাল**

নতুন নির্বাচন কমিশন গঠনে রাষ্ট্রপতির কাছে সুপারিশের জন্য ১০ জনের নামের তালিকা চূড়ান্ত করতে আগামীকাল ৬ ফেব্রুয়ারি সোমবার বৈঠকে বসছে সার্চ কমিটি। সুপ্রিম কোর্টের জাজেস লাউঞ্জে বিকাল ৫ টায় এ বৈঠক হওয়ার কথা। সুপারিশ করা নামগুলো প্রকাশ করা হবে কি না সে বিষয়ে বৈঠকে সিদ্ধান্ত হতে পারে বলে ধারণা করা হচ্ছে। নামের তালিকা চূড়ান্ত হলে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের কাছে তা সুপারিশ আকারে পাঠানো হবে। সেখান থেকেই রাষ্ট্রপতি প্রধান নির্বাচন কমিশনার ও অন্য কমিশনারদের নিয়োগ দেবেন বলে ধারণা করা হচ্ছে। নতুন

এই নির্বাচন কমিশনের (ইসি) অধীনে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। চলতি সপ্তাহেই নতুন নির্বাচন কমিশন গঠনের সম্ভাবনা রয়েছে। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**১১। ২২তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলায় এবার ২৪৩ কোটি টাকার রপ্তানি আদেশ মিলেছে**

এবারের ২২তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলায় (ডিআইটিএফ) ২৪৩ কোটি ৪৪ লাখ টাকার তাৎক্ষণিক রপ্তানি আদেশ পাওয়া গেছে। গত বছর ২৩৫ কোটি ১৭ লাখ টাকার রপ্তানি আদেশ মিলেছিল। তার মানে, ৮ কোটি ২৭ লাখ টাকার তাৎক্ষণিক রপ্তানি আদেশ বেড়েছে। ৩৫ দিনে বাণিজ্যমেলার শেষ দিনে গতকাল ৪ ফেব্রুয়ারি শনিবার সমাপনী অনুষ্ঠানে এসব তথ্য জানানো হয়। প্রাথমিক হিসাবে ১১৩ কোটি ৫৩ লাখ টাকার পণ্য নগদে বিক্রি হয়েছে এবারের মেলায়। তবে চূড়ান্ত হিসাবে এর পরিমাণ আরও বাড়বে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১২,ক.২)।



## সম্পাদকীয়

**ক.** **জনকণ্ঠ :** যৌতুকবিরোধী আইনের কঠোর প্রয়োগের পাশাপাশি যৌতুকবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে বলে অভিমত।

**খ.** **যুগান্তর :** দেওয়ানি মামলা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রতা থাকায় বিচারপ্রার্থীদের সীমাহীন দুর্ভোগ পোহাতে হয় এমতাবস্থায় শুধু দেওয়ানি কার্যবিধি নয়, দেওয়ানি মামলা দায়ের ও তা নিষ্পত্তির সঙ্গে সংশ্লিষ্ট অন্য সব আইন ও অ্যাক্টেরও সংস্কার করা দরকার এবং মামলাজট কমাতে বিচারকের সংখ্যাও বাড়ানো দরকার বলে উল্লেখ।

**গ.** **প্রথম আলো :** সব শিশু হত্যাকারীকে বিচারের মুখোমুখি করে তাদের কঠিন শাস্তি নিশ্চিত করতে হবে এবং এ ব্যাপারে কোনো গাফিলতি কাম্য নয় বলে অভিমত।

**ঘ.** **সমকাল :** বাংলাদেশ ও ফিলিস্তিনের দুই পররাষ্ট্র মন্ত্রণালয় সহযোগিতার সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে উল্লেখ করে বাংলাদেশ-ফিলিস্তিন মৈত্রী অটুট থাকবে বলে প্রত্যাশা।

**ঙ.** **ইনকিলাব :** ক্যান্সার হাসপাতালের পাশাপাশি রেডিও থেরাপি সেন্টার প্রতিষ্ঠা করা হলে রোগীরা অধিক সেবা- সুবিধা লাভ করতে পারবে বলে অভিমত।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** বাংলাদেশে অবস্থানরত অবৈধ অভিবাসী বিশেষ করে যারা মাদকদব্য চোরাচালানসহ বিভিন্ন ধরনের অপরাধমূলক কাজে জড়িত তাদের বিরুদ্ধে সরকারের কঠোর ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট, নিউ এজ :** যদি সড়ক দুর্ঘটনায় জড়িত ব্যক্তিকে চিহ্নিত করা এবং শাস্তির আওতায় আনা না হয় তাহলে সড়ক দুর্ঘটনা হ্রাস পাবে না বলে অভিমত।

**জ.** **ডেইলি স্টার, নিউ এজ :** ট্যানারি বর্জ্যের কারণে বুড়িগঙ্গার মত ধলেশ্বরী নদীও যেন দূষিত হয়ে না পড়ে সেজন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

**ঝ.** **ডেইলি সান :** মিয়ানমারের রোহিঙ্গা সমস্যা নিরসনে জাতিসংঘের আরো জোরালো ভূমিকা পালন করতে হবে এবং নিরপেক্ষ ও কার্যকর তদন্ত কমিটি গঠনের মাধ্যমে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে, এ বিষয়ে জাতিসংঘ তার ভূমিকা পালনে ব্যর্থ হলে মিয়ানমারের সব মুসলিম নাগরিকদের হুমকির মুখে পড়তে হবে বলে সম্পাদকীয় প্রকাশ করেছে ।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে মাদক সংশ্লিষ্ট চুনোপুঁটি থেকে রাঘব-বোয়াল পর্যন্ত প্রত্যেকের ব্যাপারেই আইন প্রয়োগে কঠোরতা দেখাতে হবে, কারাগারে মাদক ব্যবসার মতো লজ্জাজনক ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট কারারক্ষীসহ অন্যদের কঠিন শাস্তির ব্যবস্থা করতে হবে এবং আইনের কঠোর প্রয়োগই মাদকের ভয়াবহ বিস্তার রোধে সহায়ক হতে

পারে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিশু নির্যাতন বন্ধ করা হোক'** শিরোনামের নিবন্ধে শরীফুল্লাহ মুক্তি শিশু নির্যাতনকারীর দৃষ্টান্তমূলক কঠোর শাস্তি নিশ্চিত করা গেলে সমাজ থেকে এই জঘন্য প্রবণতা দূর করা সম্ভব হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা